# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পাঠ্যসূচির ভিত্তিতে অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৮ম** | **বিষয়: ইসলাম ও নৈতিক শিক্ষা**

| অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-৩ | **চতুর্থ অধ্যায়:** আখলাক | পাঠ-১<br>(আখলাকের প্রকার)<br>পাঠ-২<br>(ধৈর্য)<br>পাঠ-৩<br>(ভ্রাতৃত্ব)<br>পাঠ-৪<br>(নারীর মর্যাদা)<br>পাঠ-৫<br>(সমাজসেবা) | "কোভিড-১৯ পরিস্থিতিতে আমার করণীয়"<br><br>**সংকেত:**<br>১। কুরআন ও হাদিসের আলোকে সমাজ সেবার গুরুত্ব<br>২। কোভিড পরিস্থিতিতে যে সব সহায়তা লাগবে তার তালিকা<br>৩। কীভাবে অর্থ সংগ্রহ করা যেতে পারে তার পরিকল্পনা<br>৪। সংগৃহিত অর্থ উক্ত জনগোষ্ঠীর সহায়তার জন্য কীভাবে ব্যয় করবে তার নির্দেশনা | • পাঠ্যপুস্তক থেকে উক্ত বিষয়ে ধারণা নেয়া যেতে পারে<br>• শিক্ষার্থী সর্বোচ্চ ২০০ শব্দ এবং উপযুক্ত কুরআন হাদিসের দলিলসহ উপস্থাপন করতে হবে<br>• প্রয়োজনে অভিভাবকের সহযোগিতা নেয়া যেতে পারে<br>• মোবাইল বা যে কোন ভার্চুয়াল মিডিয়ার মাধ্যমে বিষয় শিক্ষকের সাথে যোগাযোগ করা যেতে পারে<br>• ইন্টারনেটের সাহায্য নেয়া যেতে পারে<br>• অ্যাসাইনমেন্ট স্বহস্তে লিখতে হবে। | • **নিচের নির্ণায়কের ভিত্তিতে শিক্ষক মূল্যায়ন করবেন এবং রেকর্ড সংরক্ষণ করবেন**<br>• **প্রয়োজনীয় ক্ষেত্রে ফিডব্যাক প্রদানের মাধ্যমে শিক্ষার্থীদের শিখন নিশ্চিত করবেন**<br>**অতি উত্তম:**<br>১। কুরআন ও হাদিসের উদ্ধৃতি আরবিতে লিখা।<br>২। ধারাবাহিকতা বজায় থাকা<br>৩। পর্যায় উপলব্ধি করে যৌক্তিক বিশ্লেষণ<br>৪। লেখায় নিজস্বতা ও সৃজনশীলতা<br>৫। বানান ও বাক্য গঠনে সঠিকতা<br>**উত্তম:**<br>১। কুরআন ও হাদিসের উদ্ধৃতির অনুবাদ<br>২। আংশিক ধারাবাহিকতা বজায় থাকা<br>৩। পর্যায় উপলব্ধি করে আংশিক যৌক্তিক বিশ্লেষণ<br>৪। লেখায় আংশিকমাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা<br>৫। বানান ও বাক্য গঠনে সঠিকতা<br>**ভালো:**<br>১। কুরআন অথবা হাদিসের উদ্ধৃতির অনুবাদ<br>২। কিছুটা ধারাবাহিকতা বজায় থাকা<br>৩। পর্যায় উপলব্ধি করে আংশিক বিশ্লেষণ<br>৪। লেখায় আংশিকমাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা<br>৫। বানান ও বাক্য গঠনে সঠিকতা<br>**অগ্রগতি প্রয়োজন:**<br>১। কুরআন অথবা হাদিসের উদ্ধৃতির অনুবাদের অভাব<br>২। ধারাবাহিকতা বজায় না থাকা<br>৩। পর্যায় উপলব্ধি করে বিশ্লেষণ না করা<br>৪। লেখায় নিজস্বতা ও সৃজনশীলতা না থাকা<br>৫। বানান ও বাক্য গঠনে সঠিকতা না থাকা |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পাঠ্যসূচির ভিত্তিতে অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৮ম** **বিষয়: হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা**

| অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| **অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-৩** | **তৃতীয় অধ্যায়:**<br>প্রথম পরিচ্ছেদ:<br>হিন্দু ধর্মের স্বরূপ | পাঠ-১:<br>হিন্দু ধর্মের সাধারণ লক্ষণ<br>পাঠ-২:<br>হিন্দু ধর্মের বিশেষ লক্ষণ<br>পাঠ-৩:<br>হিন্দু ধর্মের ক্রমবিকাশ | মানব সভ্যতার ক্রমবিকাশের সাথে মিল রেখে হিন্দু ধর্মাচারণের ধারাবাহিক পরিবর্তনের উপর একটি টাইমলাইন প্রস্তুত করো। | ১। শিক্ষার্থী হিন্দুধর্মের প্রধান প্রধান যুগগুলি চিহ্নিত করবে।<br>২। যুগের বৈশিষ্ট্য চিহ্নিত করবে এবং বুলেট পয়েন্টে লিখবে।<br>৩। প্রতিটি যুগের যুগ পুরুষ ও তাঁদের বৈশিষ্ট্য লিপিবদ্ধ করবে।<br>৪। অ্যাসাইনমেন্ট প্রণয়নে পাঠ্যপুস্তকের বাইরে থেকে তথ্য সংগ্রহ করা যাবে। | **অতি উত্তম:**<br>১। নির্দেশনায় উল্লিখিত বিষয়বস্তুর যথার্থতা ও ধারাবাহিকতার প্রকাশ<br>২। সঠিক তথ্যের উপস্থাপন<br>৩। উপস্থাপনায় নিজস্বতা ও সৃজনশীলতার প্রকাশ<br>৪। নান্দনিক ও বৈচিত্র্যপূর্ণ উপস্থাপন<br><br>**উত্তম:**<br>১। অধিকাংশক্ষেত্রে বিষয়বস্তুর যথার্থতা ও ধারাবাহিকতার প্রকাশ<br>২। সঠিক তথ্যের উপস্থাপন<br>৩। উপস্থাপনার অধিকাংশক্ষেত্রে নিজস্বতা ও সৃজনশীলতার প্রকাশ<br>৪। বৈচিত্র্যপূর্ণ উপস্থাপন<br><br>**ভালো:**<br>১। নির্দেশনায় উল্লিখিত বিষয়বস্তুর যথার্থতা ও ধারাবাহিকতার আংশিক প্রকাশ<br>২। সঠিক তথ্যের উপস্থাপন<br>৩। উপস্থাপনায় টাইমলাইন বা সময়ের ধারাবাহিক বিন্যাসের ক্ষেত্রে সঠিকতার অভাব<br>৪। প্রয়োজনীয় তথ্যের ঘাটতি<br><br>**অগ্রগতি প্রয়োজন:**<br>১। বিষয়বস্তুর যথার্থতা ও ধারাবাহিকতার অভাব<br>২। সঠিক তথ্য ও ধারাবাহিকতার অভাব<br>৩। নান্দনিকতা ও সৃজনশীলতার অভাব<br>৪। বানানের প্রতি উদাসীনতা<br>৫। উপস্থাপনায় সাবলীলতার অভাব |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পাঠ্যসূচির ভিত্তিতে অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৮ম** **বিষয়: কৃষি শিক্ষা**

| অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-৩ | **দ্বিতীয় অধ্যায়:**<br>কৃষি প্রযুক্তি | পাঠ- ৭:<br>শস্য পর্যায়ের ধারণা<br>পাঠ- ৮:<br>শস্য পর্যায়ের ব্যবহার | উঁচু, মাঝারি উঁচু, মাঝারি নিচু বিভিন্ন ধরনের ফসলি জমি খন্ডে খন্ডে ভাগ করে গনি মিয়া দুই মৌসুমে পর পর দুই বছর বিভিন্ন ধরনের ফসল উৎপাদন করেন।<br>১। নিম্নলিখিত ফসলগুলো দিয়ে গনি মিয়া কোন ধরনের শস্য পর্যায় অবলম্বন করবেন তা চার্টের সাহায্যে তুমি উপস্থাপন কর- পাট, আউশ, গোল আলু, ফুলকপি, বাঁধাকপি, আখ, মাষ কলাই, মুগ, সরিষা ও গম।<br>২। শস্য পর্যায় কী?<br>৩। উপরিক্ত ফসল নির্বাচনের ক্ষেত্রে শস্য পর্যায় বিষয়গুলো কিভাবে গুরুত্ব পায়?<br>৪। ভূমি উন্নয়নে শস্য পর্যায় কিভাবে ভূমিকা রাখে।<br>৫। শস্য পর্যায়ের সুফল পেতে হলে গণি মিয়ার শস্য পর্যায়ের ব্যবহার কতটুকু যুক্তি সংগত? ব্যাখ্যা কর। | ১. এনসিটিবি কর্তৃক প্রণীত ২০২১ সালের কৃষি শিক্ষা বিষয়ের দ্বিতীয় অধ্যায় পাঠ<br>২. ইন্টারনেট থেকে প্রাপ্ত তথ্য সংগ্রহ<br>৩. বিষয় শিক্ষকের পরামর্শ গ্রহণ<br>৪. অভিভাবকের মতামত গ্রহণ<br>৫. স্বাস্থ্যবিধি মেনে নিকট প্রতিবেশির সাথে পরামর্শ | **অতি উত্তম:**<br>১. পরিপূর্ণতায় বিষয়বস্তুর সঠিকতা ও ধারাবাহিকতা<br>২. তথ্য, ধারণা ইত্যাদি পাঠ্যপুস্তকের সাথে সম্পূর্ণ সংগতিপূর্ণ<br>৩. লেখার সৃজনশীলতা<br><br>**উত্তম:**<br>১. বিষয়বস্তুর সঠিকতা ও ধারাবাহিকতা<br>২. তথ্য ধারণা অধিকাংশই পাঠ্যপুস্তকের সাথে সংগতিপূর্ণ<br><br>**ভালো:**<br>১. বিষয়বস্তুর সঠিকতা থাকলে ও ধারাবাহিকতার অভাব<br>২. তথ্য, ধারণা আংশিকভাবে সংগতিপূর্ণ<br><br>**অগ্রগতি প্রয়োজন:**<br>১. বিষয়বস্তুর সঠিকতার ও ধারাবাহিকতার অভাব<br>২. তথ্য, ধারনা পাঠ্যপুস্তকের সাথে সংগতিপূর্ণ নয়। |